[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় জলবায়ু পরিবর্তনের প্রভাব ও মোকাবিলায় শুভসংঘের আলোচনা

চুয়াডাঙ্গায় জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও তা মোকাবিলায় স্থানীয় পর্যায়ে করণীয় বিষয়ে গুরুত্বারোপ করে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে শনিবার বেলা ১১টায় শহরের স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার কার্যালয়ে ‘জলবায়ু পরিবর্তনের প্রভাব ও স্থানীয়দের করণীয়’ শীর্ষক এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন বসুন্ধরা শুভসংঘ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি হেমন্ত কুমার সিংহ রায়। সভার প্রধান আলোচক ও রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বেসরকারি উন্নয়ন সংস্থা রিসোর নির্বাহী পরিচালক জাহিদুল ইসলাম।

রিসোর্স পারসন জাহিদুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট সংকট মোকাবিলায় কেবল রাষ্ট্রীয় উদ্যোগ যথেষ্ট নয়; স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি। পরিবেশবান্ধব কৃষিচর্চা, বৃক্ষরোপণ, জলাশয় সংরক্ষণ, প্লাস্টিকের ব্যবহার কমানো এবং নবায়নযোগ্য জ্বালানির দিকে ঝুঁকতে পারলে স্থানীয় পর্যায়ে ক্ষতির মাত্রা অনেকাংশে কমানো সম্ভব।
তিনি শিক্ষাপ্রতিষ্ঠান ও তরুণ সমাজকে জলবায়ু সচেতনতা তৈরিতে অগ্রণী ভূমিকা পালনের আহ্বান জানান।

তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব এখন আর বৈশ্বিক আলোচনার মধ্যে সীমাবদ্ধ নেই; এর প্রত্যক্ষ প্রভাব দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনজীবনে প্রতিনিয়ত অনুভূত হচ্ছে। চুয়াডাঙ্গা জেলার মতো সীমান্তবর্তী ও কৃষিনির্ভর এলাকায় অতিরিক্ত তাপপ্রবাহ, অনিয়মিত বৃষ্টিপাত, দীর্ঘস্থায়ী খরা ও তীব্র শৈত্যপ্রবাহ মানুষের জীবন ও জীবিকাকে ঝুঁকির মুখে ফেলছে। ফলে কৃষি উৎপাদন ব্যাহত হওয়ার পাশাপাশি সুপেয় পানির সংকট, স্বাস্থ্যঝুঁকি ও পরিবেশগত ভারসাম্যহীনতা ক্রমেই প্রকট হয়ে উঠছে।

সভাপতির বক্তব্যে হেমন্ত কুমার সিংহ রায় বলেন, বসুন্ধরা শুভসংঘ সমাজের ইতিবাচক পরিবর্তনে কাজ করে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের মতো বৈশ্বিক সংকট মোকাবিলায় স্থানীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টি ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম জোরদার করা আমাদের অন্যতম লক্ষ্য।

তিনি ভবিষ্যতে চুয়াডাঙ্গা জেলায় বৃক্ষরোপণ, পরিচ্ছন্নতা অভিযান এবং পরিবেশবিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের কথা জানান। আলোচনা সভায় অংশগ্রহণকারীরা জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবিলায় স্থানীয় প্রশাসন, সামাজিক সংগঠন ও সাধারণ জনগণের সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে পরিবেশ রক্ষায় ব্যক্তি পর্যায় থেকে দায়িত্বশীল আচরণ গড়ে তোলার আহ্বান জানান বক্তারা।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন উপদেষ্টা জামান আখতার ও জিসান আহমেদ।

এ ছাড়া উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান সেলিম, কর্ম ও পরিকল্পনা সম্পাদক আল মুতাকাব্বির সাকিব, দপ্তর সম্পাদক শেখ লিটন, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক মনোয়ারা খুশি, প্রচার ও প্রকাশনা সম্পাদক শামসুজ্জোহা রানা, ক্রীড়া সম্পাদক সালমান ফার্সি, সদস্য নাফিস আহমেদ, একাদশ শ্রেণির শিক্ষার্থী ফারজানা আক্তার, রিফাহ মুবাশশিরা ও মুমতাহিনা রহমান মৌলি এবং একাদশ স্নাতক শিক্ষার্থী আকতিয়া সাদিয়া।

প্রাথমিক বিদ্যালয়ের শেষ দিনে শিক্ষার্থীদের মাঝে হাসি ফুটালো শুভসংঘ

প্রাথমিক বিদ্যালয জীবনের শেষ দিনে অশ্রু সিক্ত বিদায় বেলায শিক্ষার্থীদের মুখে হাসি ফোটালো মেহেরপুর শুভসংঘ।

আজ রবিবার সকালে মেহেরপুর সদরের বামনপাড়া সরকারি প্রাথমিক

শুভ সংঘ তোমাদের হাতে একটি উপহার তুলে দিয়েছে। কালকে তোমাদের পরীক্ষা, পরীক্ষায় একটু সাহায্য হবে। শুভ সংঘ যেহেতু শুভ কাজে আছে, বাংলাদেশে মাদক, বাল্যবিবাহ এবং হানাহানি আমরা যেন অসহিষ্ণু জাতি হিসেবে সারা পৃথিবীতে পরিচিত হতে যাচ্ছি। এগুলো নিয়ে কাজ করলে আমার মনে হয় আরো ভালো হবে।
আর আমার শিশুদের কাছেও আমার অনুরোধ থাকবে তোমরা যেন মারামারি, হানাহানি বা অসহিষ্ণুতা পরিহার করে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই সহযোগিতামূলক আচরণ করো।

বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় এসময় সাংগঠনিক সম্পাদক মোঃ অনিক হাসান, স্বাস্থ্য ও মানবসম্পদ সম্পাদকঃ আব্দুল্লাহ আল নোমান, কার্যকরী সদস্যঃ লামইয়া, আলিফ খান, লিখন আলী, মোঃ মনিব, আলিফ হাসান, নাসিম রানা, জুনাইদ ইকবাল, সাকিব হাসান রুদ্র, ইয়াছির ইউসুফ ইমন প্রমুখ উপস্থিত ছিলেন।

বসুন্ধরা শুভসংঘের ঝিনাইদহ জেলা কমিটি গঠন

শুভ কাজে সবার পাশে থাকার প্রত্যয় নিয়ে ‘বসুন্ধরা শুভসংঘ’র ঝিনাইদহ জেলা কমিটি গঠন করা হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে কমিটি ঘোষণা করা হয়।

কমিটিতে সমাজকর্মী রেজাউল ইসলামকে সভাপতি ও কেয়া রানী প্রামাণিককে সাধারণ সম্পাদক করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহসভাপতি সাহানুর আলম, কেএম সালেহ, সরস্বতী সাহা, তাপস কুমার কুণ্ডু; যুগ্ম-সাধারণ সম্পাদক মো. আব্দুল্লাহ, সাগর আহমেদ ও শোভন সাহা সবুজ; সাংগঠনিক সম্পাদক মো. হাবিবুর রহমান রুবেল, সহ-সাংগঠনিক সম্পাদক সবুজ আহমেদ, দপ্তর সম্পাদক আল-নাহিয়ান, নারী বিষয়ক সম্পাদক ডা. রুমানা খাতুন, ইভেন্ট সম্পাদক জাহান লিমন, কর্ম ও পরিকল্পনা বিষয়ক সম্পাদক মো.

রানা আহমেদ, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বৃষ্টি শর্মা, স্বাস্থ্য ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক আসমাউল হুসাইন চঞ্চল, ক্রীড়া সম্পাদক সাইফুজ্জামান তাজু, সমাজকল্যাণ সম্পাদক জাহিদ বিশ্বাস এবং কার্যকরী সদস্য অনুপম কুমার, খালিদ হাসান ও এখলাস হোসেন।

সংগঠনটির প্রধান উপদেষ্টা হিসেবে রয়েছেন কালের কণ্ঠের নিজস্ব প্রতিবেদক অরিত্র কুণ্ডু, কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের চিকিৎসক ডা. লিমন পারভেজ, কাঞ্চননগর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ প্রদীপ কুমার বিশ্বাস, ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ, জেলা চেম্বার অব কমার্সের সহসভাপতি আব্দুল মতিন ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন।

উল্লেখ্য, বসুন্ধরা শুভসংঘ দেশের শীর্ষস্থানীয় শিল্প প্রতিষ্ঠান বসুন্ধরা গ্রুপের একটি সামাজিক সংগঠন। এটি শীতবস্ত্র বিতরণ, দুস্থ পরিবারের মাঝে ইফতার ও খাবার বিতরণ, ফ্রি মেডিক্যাল ক্যাম্প পরিচালনা, প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় বিনামূল্যে গাছ বিতরণ ও বৃক্ষরোপণ কর্মসূচী, পথ শিশুদের পড়াশোনার ব্যবস্থাসহ নানা সামাজিক ও সেবামূলক কার্যক্রম পরিচালনা করে থাকে।

মেহেরপুর সরকারি কলেজের সবুজ চত্বরে শুভসংঘের পাঠচক্র

শিক্ষার্থীদের পাঠঅভ্যাসে অভ্যস্ত করতে শিক্ষার্থীদের নিয়ে মেহেরপুর সরকারি কলেজ ক্যাম্পাসের সবুজ চত্বরে অনুষ্ঠিত হলো পাঠচক্র অনুষ্ঠান।

রবিবার সকালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গীতাঞ্জলি কাব্যগ্রন্থের কয়েকটি কবিতা পাঠ ও কবিতার পটভূমি নিয়ে আলোচনা করেন বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন এবং সাংগঠনিক সম্পাদক অনিক হাসান।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম বকুলের

সভাপতিত্বে পাঠচক্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সাধারণ সম্পাদক নাফিউল ইসলাম।

কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন বলেন, বর্তমান তথ্য-প্রযুক্তির যুগে আমরা সামাজিক যোগাযোগ মাধ্যমে মূল্যবান সময় নিজের অজান্তেই নষ্ট করছি। আমরা যদি দিনের একটি সময় বই পড়ার অভ্যাস তৈরি করতে পারি, তবে ভবিষ্যতে সফলতার গল্প লিখতে এই সময়টির কথা বারবার মনে পড়বে। বিখ্যাত মনীষী এবং সফল ব্যক্তিরা এখনো তাদের দিনের কর্মপরিকল্পনার মধ্যে কিছুটা সময় বই পড়ার কাজে কাটান। আমাদেরও এখন থেকেই বই পড়ার অভ্যাস তৈরি করতে হবে। নিয়মিত বই পড়ার মাধ্যমে জ্ঞানকে বিকশিত করতে পারব।

সভাপতির বক্তব্যে রফিকুল আলম বকুল বলেন, আমাদের ছোটবেলায় যখন সামাজিক যোগাযোগ মাধ্যম ছিল না, তখন সময় কাটানোর মূল উৎসই ছিল বিভিন্ন ধরনের বই পড়া। বই পড়ার মাধ্যমে আমরা বিভিন্ন দেশের, এলাকার কৃষ্টি-কালচার সম্পর্কে জানতে পারি। শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, দিনের একটি সময় হাতের মোবাইলটি দূরে সরিয়ে রেখে বই পড়ার অভ্যাস গড়ে তুলি। এ অভ্যাসের মাধ্যমে আমাদের মানসিক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি পাবে।

পাঠচক্রে অংশ নেন সংগঠনের স্বাস্থ্য ও মানবসম্পদ সম্পাদক আব্দুল্লাহ আল নোমান, সাংস্কৃতিক সম্পাদক উলমাতুন নেছা পূর্ণিমা, কার্যকরী সদস্য সুরাইয়া আক্তার হ্যাপী। পাঠচক্রে গীতাঞ্জলির বিভিন্ন কবিতা পাঠ করেন শিক্ষার্থী স্মৃতি খাতুন, জেবা আক্তার, উর্মিলা খাতুন, আলিন আহম্মেদ, আয়েশা সিদ্দিকা অ্যানি, সামিয়া আক্তার, সুরাইয়া আক্তার মলি, তাবাচ্ছুম সুলতানা আইরিন, মোছাঃ গোলাপী, ফারজানা আক্তার আশা, সাদিয়া ইসলাম, দিশা দাস , মোঃবিপুল , নাহিদ খান প্রমুখ।

পাঠচক্র অনুষ্ঠানে সকলকে বই পড়ার অভ্যাস তৈরিতে বিশেষভাবে উৎসাহিত করা হয় এবং পাঠঅভ্যাস গড়ে তুলতে প্রতি মাসে অন্তত একটি পাঠচক্র অনুষ্ঠান করার সিদ্ধান্ত নেওয়া হয়।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে শিক্ষা উপকরণ বিতরণ

“শুভ কাজে সবার পাশে” এই স্লোগানকে ধারণ করে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ১০ জন শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

সোমবার (২৮ জুলাই) সকালে এস এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে এই শিক্ষা উপকরণ তুলে দেন সংগঠনটির সদস্যরা।

বসুন্ধরা শুভসংঘের শিক্ষা উপকরণ পেয়ে শিশু শিক্ষার্থীদের মাঝে উচ্ছ্বাস দেখা গেছে। শিশুদের হাতে শিক্ষা উপকরণ হিসেবে খাতা, কলম, হার্ডবোর্ড, স্কেল, ফাইল ও জ্যামিতি বক্স তুলে দেওয়া হয়েছে।

কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস. এম. রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন এস. এম. সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, স্বাস্থ্য ও মানবসম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান, নির্বাহী সদস্য হ্যাপি, লামিয়া, মোমিনুর রহমান, মোনিব প্রমুখ।

সভাপতির বক্তব্যে এস. এম. রফিকুল আলম বকুল বলেন, “শুভ কাজে সবার পাশে” এটা শুধু স্লোগান নয়, বসুন্ধরা শুভসংঘ সমাজের সুবিধাবঞ্চিত শিশুদের পাশে সবসময় থাকবে।

তিনি বলেন, এ ধরনের উদ্যোগের ফলে শিক্ষার্থীরা পড়ালেখায় আরও উৎসাহিত হবে। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ভালো লেখাপড়া ও নৈতিক শিক্ষার মাধ্যমে তোমরা নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলবে। তোমরা দেশের ভবিষ্যৎ। তোমাদেরকে সমাজ ও দেশের প্রয়োজনে যোগ্য হয়ে গড়ে উঠতে হবে।

শিক্ষা উপকরণপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে পঞ্চম শ্রেণির এক শিক্ষার্থী তার অনুভূতি ব্যক্ত করে বলেন, খুব ভালো লাগছে, খুশি হয়েছি, আমি ভালো করে লেখাপড়া করব।

চতুর্থ শ্রেণির শিক্ষার্থী সুচী বলেন, আজকের শিক্ষাসামগ্রী পেয়ে খুব আনন্দ লাগছে।

প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ফিরোজ আহমেদ বসুন্ধরা শুভসংঘের এই উদ্যোগের প্রশংসা করেন এবং ভবিষ্যতে আরও বেশি সংখ্যক শিক্ষার্থীকে এর আওতায় আনার আহ্বান জানান। তিনি সমাজের কম সুবিধাপ্রাপ্ত ও গরিব কিন্তু মেধাবী শিক্ষার্থীদের জন্য এ ধরনের আরও বেশি উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সন্ধ্যায় মেহেরপুর সরকারী কলেজ প্রাঙ্গনে এই ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। ইফতার ও দোয়া মাহফিলে অংশগ্রহণ করেন শিক্ষক, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ নানা শ্রেণী পেশার মানুষ।

কলেজ শিক্ষক ও বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে এসময় বসুন্ধরা শুভ সংঘের উপদেষ্টা ও কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা সাবেক শিক্ষক নুরুল আহমেদ, বসুন্ধরা শুভসংঘ জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলাম,

সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল

নোমান প্রমূখ উপস্থিত ছিলেন।

ইফতারের পূর্বে ফিলিস্তিনের জনগণসহ সমস্ত মুসলিম উম্মাহ, দেশবাসী ও বসুন্ধরা গ্রুপের জন্য দোয়া ও শান্তি কামনা করা হয় ।

মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের খাদ্যে ভেজাল বিরোধী মানববন্ধন ও লিফলেট বিতরণ

ভেজাল খাদ্য আমাদের স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি। কৃত্রিম রঙ, রাসায়নিক সংযোজন, মেয়াদোত্তীর্ণ ও নিম্নমানের খাদ্য আমাদের দেহে ধীরে ধীরে বিষক্রিয়ার সৃষ্টি করছে। শিশু থেকে শুরু করে বয়স্ক পর্যন্ত সবাই ভেজাল খাদ্যের শিকার হচ্ছেন।

খাদ্যের এই ভেজাল রোধে জনসচেতনতা বাড়াতে মেহেরপুরে বসুন্ধরা শুভসংঘের উদ্যোগে মানববন্ধন ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (৪ মার্চ) দুপুর ১২ টার দিকে মেহেরপুর শহরের শহীদ শামসুজ্জোহা পার্কের সামনে এই কর্মসূচি পালন করা হয়।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি কলেজ শিক্ষক এস এম রফিকুল আলম বকুলের সভাপতিত্বে মানববন্ধনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন।

অন্যদের মধ্যে বক্তব্য দেন শুভসংঘের সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান ও সাহিত্য ও সাংস্কৃতি সম্পাদক উলমাতুন নেছা পূর্নিমা।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু বলেন, বাঁচতে হলে খেতে হয়, আর খেতে হলে খাবারটা হতে হবে পরিচ্ছন্ন ও নিরাপদ। কিন্তু যখন সেই খাবার আমাদের অসুস্থতার কারণ হয়ে দাঁড়ায়, তখন স্বাস্থ্য ঠিক রাখা সত্যিকার অর্থেই বড় একটি

সমস্যা হয়ে যায়।

বাংলাদেশে ভেজাল খাদ্য একটি ভয়াবহ বাস্তবতা। সবচেয়ে দুঃখজনক বিষয় হলো, শুধু সাধারণ খাদ্য নয়, ওষুধ পর্যন্ত ভেজাল মিশ্রিত হয়। এমনকি শিশু খাদ্যেও ভেজাল মেশানো হয়, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য মারাত্মক ক্ষতির কারণ হতে পারে। যে শিশু মানুষ হিসেবে গড়ে উঠতে পারেনি, তার খাবারে ভেজাল মেশানো হলে বড়দের খাবারের মান কতটা নিরাপদ বা অনিরাপদ, তা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। আমরা যা খাচ্ছি, তা আসলেই খাদ্য, নাকি অখাদ্য এটি গভীরভাবে চিন্তার বিষয়। সময় উপযোগী এ ধরণের সচেতনতামূলত কর্মসূচী বাস্তবায়ন করায় শুভসংঘকে ধন্যবাদ জানাচ্ছি।

সভাপতির বক্তব্যে এস এম রফিকুল আলম বলেন, আমাদের সমাজের রন্ধ্রে রন্ধ্রে যেমন দুর্নীতি প্রবেশ করেছে, তেমনি খাদ্যে ভেজালও এক মহামারির মতো ছড়িয়ে পড়েছে। বিভিন্ন রাসায়নিক দ্রব্য ও বিষক্রিয়াযুক্ত খাদ্য গ্রহণের ফলে আমাদের স্বাভাবিক শারীরিক গঠন বাধাগ্রস্ত হচ্ছে এবং মানুষ জটিল থেকে জটিলতর রোগে আক্রান্ত হচ্ছে।

তিনি বলেন, এ পরিস্থিতি মোকাবিলায় মানুষকে সচেতন করতেই বসুন্ধরা শুভসংঘের আজকের এই আয়োজন। আমি সবাইকে আহ্বান জানাই, পবিত্র রমজান মাসে যেন আমরা সুস্থ, সতেজ ও বিষমুক্ত খাবার গ্রহণ করি। সবাইকে এ বিষয়ে সচেতন হতে হবে।

বিশেষ করে ব্যবসায়ী ভাইদের প্রতি আমার উদাত্ত আহ্বান এই পবিত্র মাহে রমজানে মানুষকে বিশুদ্ধ, সতেজ ও ভেজালমুক্ত খাবার সরবরাহ করুন। আপনার সামান্য সতর্কতা ও নৈতিকতার চর্চা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে পারে।

বসুন্ধরা শুভসংঘ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় এসময় বসুন্ধরা শুভসংঘের সকল সদস্যরা অংশ নেন।

পরে, বসুন্ধরা শুভসংঘের সদস্যরা পথচারী ও ব্যবসায়ীদের হাতে লিফলেট তুলে দেন এবং কীভাবে ভেজাল খাদ্য চিহ্নিত করা যায় সে বিষয়ে পরামর্শ দেন।

মেহেরপুর বসুন্ধরা শুভসংঘের সভাপতি রফিকুল, সম্পাদক নাফিউল

কলেজ শিক্ষক এস এম রফিকুল আলম বকুলকে সভাপতি ও তরুণ সংগঠক মো. নাফিউল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২৩ সদস্যবিশিষ্ট বসুন্ধরা শুভসংঘের মেহেরপুর জেলা শাখা কমিটি গঠন করা হয়েছে।

বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান গত সোমবার মেহেরপুর জেলা শাখার নতুন কমিটি এক বছরের জন্য অনুমোদন করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন-সহসভাপতি আক্তারুজ্জামান হীরা, ফিরোজ আহমেদ পলাশ, যুগ্ম সাধারণ সম্পাদক তানজিমুল ইসলাম, সাজিদ ইসলাম ইন্নাল, সাংগঠনিক সম্পাদক মো. অনিক হাসান, দপ্তর সম্পাদক মো. নিজাম উদ্দিন, প্রচার ও প্রকাশনা সম্পাদক মো. নাসিম হাসান, কর্মপরিকল্পনা সম্পাদক মোছা. খাদিজা বেগম, অর্থ সম্পাদক মাসুম সুলতানা রানি, নারী ও শিশু সম্পাদক তামান্না তানভির, সাহিত্য ও সাংস্কৃতি সম্পাদক উলমাতুন নেছা পূর্নিমা, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক মোছা. সামসুন্নাহার, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক মো. মাসুদুর রহমান, ক্রীড়া সম্পাদক আলকামা সিদ্দিকী তারিফ, স্বাস্থ্য ও মানব সম্পদ সম্পাদক আবদুল্লাহ আল নোমান, কার্যকরী সদস্য আসমাউল হুসনা, মো. রাকিব, সুরাইয়া আকতার হ্যাপি, মোছা. লামইয়া, মো. আলিফ খান ও মো. লিখন আলী।

এছাড়া চার জনকে উপদেষ্টা করা হয়েছে। তারা হলেন কালের কণ্ঠের মেহেরপুর প্রতিনিধি ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক
ইয়াদুল মোমিন, সাবেক শিক্ষক নুরুল আহমেদ, আবু নাসের চৌধুরী ও মো. জিল্লুর রহমান।

উল্লেখ্য, বসুন্ধরা শুভসংঘ প্রতিষ্ঠার পর থেকে সারাদেশে বিভিন্ন জনকল্যাণমূলক কাজ করে আসছে। মেহেরপুরেও কৃতি শিক্ষার্থী, দুস্থদের সহায়তা, কম্বল বিতরণ, দুস্থ শিক্ষাথীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ, ভাষা দিবস উপলক্ষ্যে দেয়াল লিখন, বৃক্ষরোপণ ও বিতরণসহ বিভিন্ন কল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনা করেছে বসুন্ধরা শুভসংঘ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]